



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয় : ৩৪৬/২ ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৬ E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/১৯২

তারিখ : ০৪/১১/২০২১ খ্রি.

বিষয়: এসএসসি পরীক্ষা- ২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংশ্লিষ্ট পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃ বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ৫৩৩ তম সভায় অনুমোদিত হয়।

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত :

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের যে সকলপত্র/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল বিষয় ব্যতীত অন্য বিষয়/পত্রের জন্য আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়)৩০/(ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (আইসিটি ব্যতীত), আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/(বিশ) টাকা এবং আইসিটি বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০(ত্রিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০ (ত্রিশ)টাকা ফেরত প্রদান করা হবে।

বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত :

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে এবং পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (ন্যূনতম ০১ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার ক্ষেত্রেও) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা এবং আইসিটি বিষয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ২৫ (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত ১০ (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে না সেক্ষেত্রে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪০০ (চারশত) টাকা এবং আইসিটি বিষয়ে অতিরিক্ত আরও ২৫ (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ১০ (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণকরবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০৯১-৫৩৩৩৫

ই-মেইল: conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- (৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৬) জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- (৭) মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৮) মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৯) উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (১০) উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- (১১) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- (১২) সহকারী প্রোগ্রামার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- (১৩) মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- (১৪) প্রধান শিক্ষক/অধ্যক্ষ, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

(মোঃ কামাল হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।